আইসিটি সেল
☐ প্রোগ্রামার
☐ সহকারী প্রোগ্রামার
☐ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সিস্টেম এনালিস্ট

আইসিটি সেল
☐ সহকারি প্রোগ্রামার
☐ সহকারি মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অডিট অধিশাখা
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: **২৪/০১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব মোহাম্মদ আবুল কালাম, এনডিসি
অতিরিক্ত সচিব (অডিট)

সভার তারিখ: ২৪ জানুয়ারি' ২০২১ খ্রি.
সময়: বেলা ২.০০ ঘটিকা
সভার স্থান: বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)

উপস্থিতি: পরিশিষ্ট- 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অডিট) আলোচ্যসূচীর বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। গত ২২/১২/২০২০ খ্রি. তারিখের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সভার কার্যবিবরণী-তে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

২। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.১</td><td>ডিসেম্বর/২০ মাসের অডিট সংক্রান্ত তথ্যাদি</td><td>বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থারডিসেম্বর/২০ মাসের অডিট সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র. নং</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অডিট আপত্তির সংখ্যা</th><th>টাকার পরিমান (লক্ষ টাকায়)</th><th>ব্রডশীটে জবাবের সংখ্যা</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>জের (গত মাসের আপত্তির)</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td><td>০৬</td><td>০৭</td></tr>
<tr><td>১.</td><td>বিজেএমসি</td><td>৩৭৮৭</td><td>১০১৬৮৪৩.৯৭</td><td>০</td><td>১৪</td><td>৩৮০১</td></tr>
<tr><td>২.</td><td>বিটিএমসি</td><td>৯১১</td><td>২৫৭৫৮৬.৫৩</td><td>৫</td><td>৪</td><td>৯১৫</td></tr>
<tr><td>৩.</td><td>রেশম বোর্ড</td><td>১৭০</td><td>২২৫৩.৮৯</td><td>০</td><td>০</td><td>১৭০</td></tr>
<tr><td>৪.</td><td>তাঁত বোর্ড</td><td>৮৫</td><td>১২২৮৮.৫৩</td><td>০</td><td>০</td><td>৮৫</td></tr>
<tr><td>৫.</td><td>বিএসআরটিআই</td><td>৯</td><td>৩৯.০৭</td><td>০</td><td>০</td><td>৯</td></tr>
<tr><td>৬.</td><td>বিজেসি</td><td>১৫২</td><td>৮৩৪০০.০৫</td><td>০</td><td>০</td><td>১৫২</td></tr>
<tr><td>৭.</td><td>আদমজী সন্স</td><td>১১৭</td><td>৯৩২১.৬৯</td><td>৬</td><td>০</td><td>১১১</td></tr>
<tr><td>৮.</td><td>পাট অধিদপ্তর</td><td>২১</td><td>৫০১৬.২০</td><td>৪</td><td>০</td><td>২১</td></tr>
<tr><td>৯.</td><td>বস্ত্র অধিদপ্তর</td><td>৮৮</td><td>২৪৮১২.৫৩</td><td>২</td><td>০</td><td>৮৮</td></tr>
<tr><td>১০</td><td>বস্ত্র ও পাট মন্ত্রণালয়</td><td>৬</td><td>১১.৫২</td><td>০</td><td>০</td><td>৬</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>৫৩৪৬</td><td>১৪১১৫৭৩.৯৮</td><td>১৭</td><td>১৮</td><td>৫৩৫৮</td></tr>
</table></td><td>(ক) আগামী মাসে অডিট আপত্তির নিষ্পত্তির হার আরো বাড়াতে হবে। বিশেষ করে. ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানে আরও তৎপর হতে হবে। ব্রডশীটজবাব যাতে দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ করা হয় তা নিশ্চিত করতে হবে।</td><td>মহাপরিচালক, শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সকল দপ্তর/ সংস্থার সভাপতি/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়েরপ্রশাসন-২ শাখা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২ | মাসিক নির্ধারিত তথ্য প্রেরণ সংক্রান্ত | ➢ পূর্ববর্তী সভার বাস্তবায়ন অগ্রগতি, ব্রডশীট জবাব এবং অন্যান্য যাচিত তথ্যাদি কোন কোন সংস্থা প্রেরণ করতে বিলম্ব করে। এছাড়াও প্রতিমাসে নিয়মিত দপ্তর/সংস্থা হতে অগ্রিম অনুচ্ছেদের কার্যপত্র প্রেরণের জন্য আলোচনা করা হয়;<br>➢ ডিসেম্বর/২০মাসে দপ্তর/সংস্থা হতে সংকলনভূক্ত অডিট আপত্তির কার্যপত্র/ব্রডশীট জবাব না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন;<br>➢ বিজেসি হতে কোন প্রতিনিধি সভায় অংশগ্রহণ করেন নাই।এছাড়াও চাহিত কোন তথ্যাদি বিজেসি হতে বেশীরভাগ সময় পাওয়া যায় না। ফোনের মাধ্যমে যোগাযোগেরচেষ্টা করা হলেওফোন রিসিভ করা হয় না। সে ক্ষেত্রে শাখার কাজে বিঘ্নতা সৃষ্টি হয়। এতে সভাপতি ক্ষোভ প্রকাশ করেন। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক অনুযায়ী তথ্যাদি প্রতিমাসের ০১ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি, ব্রডশীট জবাব এবং ত্রিপক্ষীয় সভার কার্যপত্র (কমপক্ষে ০১টি) প্রতিমাসের ১০ (দশ) তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(গ) ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের সুবিধার্থে সংকলনভূক্ত অডিট আপত্তির কার্যপত্র/ ব্রডশীট প্রতিমাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং | সকল দপ্তর/ সংস্থার সভাপতি/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রশাসন-২, সহকারী সচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| ২.৩ | APA'র বাস্তবায়ন অগ্রগতি | ➢ APA লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিমাসে ২টি দ্বি-পক্ষীয় ও ১টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের কথা থাকলেও কোন কোন দপ্তর/সংস্থা তা করতে ব্যর্থ হয়েছে। ২০২০-২১ অর্থবছরে বিজেএমসি ব্যতিত অন্য কোন দপ্তর/সংস্থা দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠান করে নাই এবং প্রতিমাসে কোন কোন দপ্তর/সংস্থা APA'র প্রতিবেদনও প্রেরণ করে না। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ বিষয়ে মনোযোগী ও তৎপর হবার আহবান জানান।<br>➢ চলতি অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্যবস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৪টি অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। ইতোমধ্যে ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। আরও ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা প্রয়োজন। এ লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৫টি অডিট আপত্তির ব্রডশীট আকারে জবাব (প্রমাণকসহ) প্রেরণের জন্য প্রশাসন-২ শাখাকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রশাসন-২ শাখা হতে তথ্যাদি পাওয়া যায়নি। | (ক) ২০২০-২১ অর্থবছরে APA টার্গেট পূরণের লক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থাকে প্রতিমাসে কমপক্ষে ০১ টি করে ত্রিপক্ষীয় সভা এবং ০২টি করে দ্বিপক্ষীয় সভা করতে হবে;<br>(খ) ২০২০-২১ অর্থবছরে APA'র টার্গেট পূরণের লক্ষ্যে আগষ্ট/২০ মাসের অডিট সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি প্রতিমাসে ১০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং<br>(গ) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৫টি অডিট আপত্তির ব্রডশীট আকারে জবাব (প্রমাণকসহ) প্রেরণের জন্য প্রশাসন-২ শাখাকে পুনরায় অনুরোধ জানানো যেতে পারে। | সকল দপ্তর/ সংস্থার সভাপতি/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রশাসন-২, সহকারী সচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

অ.পৃ.দ্র.

<table>
<tr>
<td>২.৪</td>
<td>ত্রি-পক্ষীয় অডিট সভায় সভাপতি গণের কার্যক্রম</td>
<td>
দপ্তর/সংস্থা হতে প্রেরিত ত্রিপক্ষীয় সভার কার্যপত্র নিম্নরূপ সভাপতিদের নিকট পেন্ডিং রয়েছে:
<table>
<tr><th>ক্র.নং</th><th>দপ্তর/ সংস্থার নাম</th><th>কার্যালয়ের নাম</th><th>অনুচ্ছেদের সংখ্যা</th><th>সভাপতির নাম</th></tr>
<tr><td>১.</td><td>বিজেএমসি</td><td>-</td><td>২০</td><td>জনাব রাশিদা ফেরদৌ যুগ্মসচিব (অডিট)</td></tr>
<tr><td>২.</td><td></td><td>খুলনা জোন</td><td>৩৫ (সংকলনভূক্ত)</td><td>জনাব মোহাম্মদ জাকির হোসেন, উপসচিব (প্রশাসন)</td></tr>
<tr><td>৩.</td><td></td><td>প্রধান কার্যালয়ের</td><td>৬৬</td><td>জনাব খেনচান, উপসচি (অডিট)</td></tr>
<tr><td>২.</td><td>তাঁত বোর্ড</td><td>-</td><td>১১</td><td>জনাব হুমায়ূন কবির, উপসচিব (বস্ত্র-২)</td></tr>
<tr><td>৩.</td><td>বিটিএমসি</td><td>প্রধান কার্যালয়</td><td>২০</td><td>জনাব মোঃ আল হোসেন,উপসচিব(বস্ত্র -</td></tr>
<tr><td>৪.</td><td>আদমজী সন্স লি.</td><td>-</td><td>১৫+১=১৬</td><td>জনাব মোঃ আবুল বাসার আকন, উপসচিব(পাট-৩)</td></tr>
</table>
➢ শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করেও ত্রি-পক্ষীয় সভার সভাপতিগণ সংকলনভূক্ত অডিট আপত্তিসমূহের ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে পরামর্শ করার বিষয়ে সভায় আলোচনা হয়।
</td>
<td>(ক) সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে ত্রিপক্ষীয় সভার সভাপতিগণের সাথে পরামর্শক্রমে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের মধ্যে ত্রি-পক্ষীয় সভার দিনক্ষণ নির্ধারণ করবেন; এবং<br>(খ) সংকলনভূক্ত অডিট আপত্তিসমূহের ত্রি-পক্ষীয় সভা করার বিষয়ে পরামর্শ প্রদানের জন্য শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরকে অনুরোধ জানানো যেতে পারে।</td>
<td>ত্রিপক্ষীয় সভার সকল সভাপতি/ সকল দপ্তর/ সংস্থার ফোকাল পয়েন্ট এবং অডিট শাখার কর্মকর্তা (বস্ত্র ও পাট মন্ত্রণালয়)</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>বিবিধ:</td>
<td>➢ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থা এবং শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরে প্রেরিত তাগিদপত্রসমূহের জবাব দ্রুত প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অডিট শাখা (উপসচিব/ সহকারী সচিব) দপ্তর/সংস্থায় এবং শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে জবাব যথাসময়ে প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন;<br>➢ যে সকল দপ্তর/সংস্থা হতে গত ০৯/০৯/২০২০ খ্রি. তারিখের সভার ০৩ নং সিদ্ধান্ত মোতাবেক তথ্যাদি প্রেরণ করা হয়নি তারা এ বিষয়ে কার্যক্রম অব্যহত আছে মর্মে সভায় অবহিত করেন।</td>
<td>(ক) মন্ত্রণালয় হতে প্রেরিত তাগিদপত্রসমূহের সাথে জড়িত সকল ব্রডশীট জবাব আগামী ১৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(খ)অডিট শাখা হতে প্রতিমাসে তাগিদপত্র শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরে এবং দপ্তর/সংস্থায় প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং<br>(গ) অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক গত ০৯/০৯/ ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার তথ্যাদির অগ্রগতি প্রতিবেদন আগামী ১০/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td>
<td>মহাপরিচালক, শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সকল দপ্তর/ সংস্থার সভাপতি/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রশাসন-২, অডিট শাখার কর্মকর্তা (বস্ত্র ও পাট মন্ত্রণালয়)</td>
</tr>
</table>

৩.সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিতঃ
২৭.০১.২০২১
(মোহাম্মদ আবুল কালাম, এনডিসি)
অতিরিক্ত সচিব (অডিট)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

স্মারক নম্বর-২৪.০০.০০০০.১১৩.০১.১৫৯.২১-২৫ তারিখ: ২৭-০১-২০২১ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/তাঁত বোর্ড/বিজেসি (বিলুপ্ত), ঢাকা।
০২. মহাপরিচালক,পাট অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/রেশম উন্নয়ন বোর্ড, ঢাকা/রাজশাহী।
০৩. উপসচিব (বস্ত্র-১/বস্ত্র-২/বস্ত্র-৩/অডিট/প্রশাসন/পাট-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপ-প্রশাসক, আদমজী সন্স লিঃ, আদমজীকোর্ট, ৪র্থ তলা, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫. পরিচালক,বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, বালিয়া পুকুর, রাজশাহী।
০৬. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. মহাপরিচালক, শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪. অতিরিক্ত সচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. যুগ্মসচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/০১/২০২১
(সামসুন নাহার জেসমিন)
সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৪৫০৫১